



বাংলাদেশ পশু উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
উপপরিচালকের কার্যালয়
প্লট-৮৮, সেক্টর-২, উপশহর, যশোর
www.brdj.jessore.gov.bd

১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৭.৬২.৪১০০.০০০.১৬.০১০.২১.৯২

বিষয়: মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধি পাওয়ায় ব্যাখ্যা তলব।

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি যশোর জেলাধীন সকল উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাসসহ সার্বিক ঋণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মাঠকর্মী ভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক মাস ভিত্তিক অগ্রগতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। এতদসত্ত্বেও উপজেলায় জুন ২০২৩ মাসের তুলনায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধি পাওয়ায় বিগত জানুয়ারি ২০২৪ মাসের সমন্বয় সভায় ক্রাশপ্রোগ্রাম পরিচালনার মাধ্যমে বিগত জুন ২০২৩ ভিত্তিক মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের ১০% এবং জুন ২০২৩ এর পরে অর্থ বছরে নতুন মেয়াদোত্তীর্ণ খেলাপীর ১০০% আদায় করার সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু, মার্চ ও এপ্রিল-২০২৪ মাসের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় শার্শা উপজেলায় নিম্নবর্ণিত ৪টি প্রকল্প/কর্মসূচির আওতায় মার্চ ২০২৪ মাসে ১৪.৩৬ লক্ষ টাকা, এপ্রিল মাসে ২০২৪ মাসে ১৫.৮০ লক্ষ টাকা এবং জুন ২০২৩ মাসের তুলনায় এপ্রিল ২০২৪ মাসে ২৮.৯৬ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পেয়েছেঃ

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	খেলাপীর পরিমাণ				মেয়াদোত্তীর্ণ খেলাপী হ্রাস/বৃদ্ধি		
		জুন/২৩	ফেব্রু:/২৪	মার্চ/২৪	এপ্রিল/২৪	মার্চ/২৪	এপ্রিল/২৪	জুন/২৩পরবর্তী
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	আবর্তক (কৃষি)	০.০০	০.০০	৭.৪৯	৭.৪৯	৭.৪৯	০.০০	৭.৪৯
২	মউ (নিজস্ব)	১২.১১	৭.৭৪	১৪.৬৮	১৪.৭১	৬.৯৪	০.০৩	২.৬০
৩	সদাবিক	০.৭১	২.৮৫	২.৭৮	২.৭৮	-০.০৭	০.০০	২.০৭
৪	কোভিড-১৯	০.০০	১.০৩	১.০৩	১৬.৮০	০.০০	১৫.৭৭	১৬.৮০
উপজেলার মোট		১২.৮২	১১.৬২	২৫.৯৮	৪১.৭৮	১৪.৩৬	১৫.৮০	২৮.৯৬

২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক ইউআরডিও কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করলে নতুন মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধির কোন সুযোগ নেই। এছাড়া, জেলাদপ্তরে অনুষ্ঠিত প্রতি মাসের মাসিক সমন্বয় সভায় নতুন মেয়াদোত্তীর্ণ খেলাপী প্রতিরোধে ঋণ খেলাপী হওয়ার ২মাস পূর্ব হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদসত্ত্বেও, মার্চ ২০২৪ ও এপ্রিল ২০২৪ মাসে বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি প্রমাণ করে আপনার কর্তৃক নতুন মেয়াদোত্তীর্ণ খেলাপী রোধে প্রয়োজনীয় তদারকী করা হয়নি। যা স্বীয় দায়িত্ব পালনে অবহেলার শামিল।

এ অবস্থায়, শার্শা উপজেলায় নতুন মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধির কারণ ব্যাখ্যাসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী রোধে আপনার কর্তৃক গৃহিত ব্যবস্থাদির বিবরণ আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলসহ মে ২০২৪ মাসের মধ্যে অর্থ বছরে নতুন বৃদ্ধিপ্রাপ্ত ২৮.৯৬ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। ব্যর্থতায় স্বীয় দায়িত্ব পালনে অবহেলা বিবেচনায় আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণসহ আপনার ২০২৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে এ বিষয়ে প্রতিফলন করা হবে।

(Signature)

২৯-০৪-২০২৪

মোঃ কামরুজ্জামান

উপ পরিচালক

০২৪৭৭৭৬২৫৩৪

ddjessore@brdb.gov.bd

জনাব এসএম শাখির উদ্দিন (ই-২৭৩০), উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, শার্শা উপজেলা, যশোর।

স্মারক নম্বর: ৪৭.৬২.৪১০০.০০০.১৬.০১০.২১.৯২/১ (২)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মপরিচালক (প্রশাসন/সিসিএম/সম্প্রঃ ও বিঃ প্রঃ/মউ), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা এবং
- ২। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, যশোর (সংশ্লিষ্ট ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।



(Signature)

২৯-০৪-২০২৪

মোঃ কামরুজ্জামান

উপ পরিচালক